



“সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের দপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা
www.dife.khulna.gov.bd

সভার কার্যবিবরণী ২৯ আগস্ট ২০২৪

সভাপতি	সানতাজ বিল্লাহ উপমহাপরিদর্শক
সভার তারিখ	২৯ আগস্ট, ২০২৪
সভার সময়	দুপুর ৪.০০ ঘটিকা
স্থান	উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন এ কার্যালয়ের এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	বিগত সভার এসডিজি বিষয়ক কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানানো হয়।	বিগত সভার কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।	এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০২	সভা/সেমিনার আয়োজন	এসডিজি ইন্ডিকেটর ৮.৮.১ (লিঙ্গ ও অভিবাসনগত অবস্থাভেদে, পেশাগত কাজে মারাত্মক ও মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনা) বাস্তবায়নের লক্ষ্যে কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকের সমন্বয়ে অত্র কার্যালয়ে প্রতি দুইমাস অন্তর অন্তর সচেতনতা মূলক সভা/সেমিনার আয়োজন করা যেতে পারে।	কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকের সমন্বয়ে অত্র কার্যালয়ে প্রতি দুইমাস অন্তর অন্তর সচেতনতা মূলক সভা / সেমিনার আয়োজন করতে হবে।	সকল কর্মকর্তা/পরিদর্শক
০৩	শিশুশ্রম নিরসন	এসডিজি টার্গেট অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর থেকে শিশুশ্রম নিরসন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর থেকে শিশু শ্রম নিরসন করতে হবে।	সকল কর্মকর্তা/পরিদর্শক

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সানতাজ বিল্লাহ

৩০-০৮-২০২৪

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক

১৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ:

৩০ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯.৯৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। সকল কর্মকর্তা/পরিদর্শক (অত্র কার্যালয়) এবং
- ৩। অফিস কপি।



সানতাজ বিল্লাহ

৩০-০৮-২০২৪

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক